



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিবিল বা/এ, ঢাকা-১০০০।

আইন বিভাগ

ফোন : ০২-৯৫৫৩০০১; ই-মেইল : dgmlaw@krishibank.org.bd

তারিখঃ ১৩-০৪-২০২৩খ্রিঃ

নং প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০২২-২০২৩/২২৮৬

- ১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
- ৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
- ৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক

“বিষয়টি অতীব জরুরী”

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শ্রেণীকৃত ঋণ (NPL)/খেলাপী ঋণ হ্রাসকল্পে অর্থ ঋণ আদালতে বিচারাধীন মামলাসমূহ দ্রুততম সময়ে নিষ্পত্তির কর্মপরিকল্পনা গ্রহণ এবং মামলা নিষ্পত্তির সময়ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। বাংলাদেশ কৃষি ব্যাংকের ৩০-০৬-২০২২ তারিখ ভিত্তিক তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংকের অনাদায়ী ঋণ স্থিতি ২৭৮৯০.৬০ কোটি টাকার বিপরীতে মোট শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২৬২৫.৪৪ কোটি টাকা। শুধুমাত্র অর্থ ঋণ আদালতে বিচারাধীন ১০৮৪ টি মামলার বিপরীতে জড়িত টাকার পরিমাণ ১৯৮৫.৯৯ কোটি টাকা, যা ব্যাংকের মোট শ্রেণীকৃত ঋণের প্রায় ৭৬%। উল্লেখ্য, ৩০-০৬-২০২২ তারিখ ভিত্তিক ব্যাংকের অনাদায়ী অবলোপনকৃত ঋণের পরিমাণ ১৯৩.৩৫ কোটি যার সম্পূর্ণ অংশই মামলাধীন। অর্থ মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), ২০২২-২০২৩ এ অর্থ ঋণ মামলা, রীট মামলা নিষ্পত্তি এবং অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ শ্রেণীকৃত ঋণ আদায়ের স্বার্থে ইতোপূর্বে অত্র বিভাগের ২৫-০৮-২০২২ ইং তারিখের ২৬৬ নং পত্রের মাধ্যমে ডিসেম্বর/২০২২ এবং জুন/২০২৩ ভিত্তিক বিভাগ ওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ/২০২৩ ভিত্তিক বিভাগ ওয়ারী অর্জনের চিত্র নিম্নরূপ :-

ছক-ক'

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	৩০-০৬-২০২২ ভিত্তিক মামলার স্থিতি		ডিসেম্বর/২০২২ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা		ডিসেম্বর/২০২২ ভিত্তিক আনুপাতিক অর্জন		ডিসেম্বর ভিত্তিক অর্জনের শতকরা হার (সংখ্যায়)	মার্চ/২০২৩ ভিত্তিক অর্জন		জুন/২০২৩ ভিত্তিক লক্ষ্যমাত্রা	
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
০১	ঢাকা	২৮৭	১১৩০.৩৫	৪৩	১৬৯.৫৫	-	-	০০ %	০২	০.৬২	৮৬	৩৩৯.১১
০২	চট্টগ্রাম	১৩৮	৫৪১.৫৮	২০	৮১.২৩	৩	৩.৮	১৫ %	০৫	৬.৩৬	৪১	১৬২.৪৭
০৩	খুলনা	২৩৫	৯৯.৩২	৩৫	১৪.৯০	১৩	১.২১	৩৭ %	২০	১.৭৫	৭০	২৯.৮০
০৪	কুষ্টিয়া	৪৯	৯.৮৫	০৮	১.৪৮	০১	০.১৯	১২ %	০১	০.২৪	১৫	২.৯৬
০৫	বরিশাল	১৫৩	২.৬৮	২৩	০.৪০	১০	০.০৬	৪৩ %	১৪	০.০৮	৪৬	০.৮০
০৬	সিলেট	৩৭	১২.৯৭	০৫	১.৯৫	০০	০.৪৫	০০ %	০০	০.৪৫	১১	৩.৮৯
০৭	ফরিদপুর	২২	২.০৬	০৩	০.৩১	০৩	০.০৯	১০০ %	০৪	০.১০	০৭	০.৬২
০৮	কুমিল্লা	৭০	২৮.০৭	১১	৪.২১	০২	০.১৪	১৮ %	০২	০.১৪	২১	৮.৪২
০৯	ময়মনসিংহ	৬১	১৪.৪০	০৯	২.১৬	০২	০.২৮	২২ %	০২	০.৬৬	১৮	৪.৩২
১০	এলপিও	৩২	১৪৪.৭১	০৫	২১.৭১	০০	০০	০০ %	০০	০.০০	১০	৪৩.৪১
মোট :		১০৮৪	১৯৮৫.৯৯	১৬২	২৯৭.৯০	৩৪	৬.২২	২১ %	৫০	১০.৪০	৩২৫	৫৯৫.৮০

০২। অর্থ ঋণ আদালতসহ অন্যান্য আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত উপরোক্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, শুধুমাত্র ফরিদপুর বিভাগ ২০২২-২০২৩ অর্থ বছরে ডিসেম্বর/২০২২ ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়েছে। চট্টগ্রাম, খুলনা, কুষ্টিয়া, বরিশাল, সিলেট, কুমিল্লা ও ময়মনসিংহ বিভাগ এর মামলা নিষ্পত্তির হার লক্ষ্যমাত্রার বিপরীতে অনেক কম যা অত্যন্ত হতাশাজনক। বিগত ০৬ (ছয়) মাসে স্থানীয় মুখ্য কার্যালয় এবং ঢাকা বিভাগের একটি মামলাও নিষ্পত্তি হয়নি যা কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, মার্চ/২০২৩ ভিত্তিক তথ্য পর্যালোচনায় দেখা যায় কোন বিভাগই কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। মামলা নিষ্পত্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে অত্র বিভাগের ২৫-০৮-২০২২ ইং তারিখের ২৬৬ নং পত্রের নির্দেশনা পরিপালনসহ যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ পূর্বক অর্থ ঋণ আদালত এবং অন্যান্য আদালতে বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। মামলা নিষ্পত্তি ব্যতীত বিশাল অংকের শ্রেণীকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ হ্রাস, APA এর কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়।

০৩। এমতাবস্থায়, ব্যাংকের শ্রেণীকৃত ঋণ হ্রাসকল্পে ২০২২-২০২৩ অর্থ বছরে জুন, ২০২৩ ভিত্তিক অর্থ ঋণ আদালতে বিচারাধীন মামলায় জড়িত অর্থ আদায়/শ্রেণীকৃত ঋণ হ্রাসকল্পে বিভাগওয়ারী মামলা নিষ্পত্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা শতাংশ অর্জনের লক্ষ্যে দায়েরকৃত মামলাসমূহ তদারকী নিশ্চিত করণ, আইনজীবীদের সাথে নিবিড় যোগাযোগ এবং বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির (ADR) কার্যকর পদক্ষেপ গ্রহণসহ ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় কার্যালয় সমূহে মোকদ্দমায় নিয়োজিত আইনজীবীর সাথে আবশ্যিকভাবে দ্বিপাক্ষিক আলোচনা সভার আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রয়োজনে উক্ত দ্বিপাক্ষিক আলোচনা সভায় আইন বিভাগের প্রতিনিধি উপস্থিত থাকবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(খান ইকবাল হোসেন)

উপব্যবস্থাপনা পরিচালক-২

তারিখঃ ১৩-০৪-২০২৩ খ্রিঃ

নং প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০২২-২০২৩/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। নথি/মহানথি।

(মোহঃ গোলাম মাহবুব)

উপমহাব্যবস্থাপক